

ঢাকা ওয়াসা

ক্রমিক নং-১
ক্রমিক নং-২
ক্রমিক নং-৩
ক্রমিক নং-৪
ক্রমিক নং-৫
ক্রমিক নং-৬

২০২৫-২০২৬ অর্থ বছরের অত্র জোনের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ফটোকপি।
পূর্বানুমোদিত দর।
সংশ্লিষ্ট এলাকার খসড়া নকশা।
প্রাক্কলন।
প্রতিবেদন।
PPA-2006, PPR-2025 এর ৪র্থ অধ্যায়ের অংশ-২ এর ৮০ বিধি ১(ঘ) উপবিধি এর ফটোকপি।

বিষয়: Rising, Repairing & Maintenance work of hidden or under pavement sewer manhole cover at DMA612,615,617 area under MODS Zone-6, Dhaka WASA (Frame Work) কাজ প্রসংগে।

অনুচ্ছেদ ১:- সংযুক্ত ক্রমিক নং এবং উপর্যুক্ত বিষয় সদয় দেখা যেতে পারে। মডস জোন-৬ ঢাকা ওয়াসার একটি অন্যতম বৃহত্তম জোন। অত্র জোনের আওতাধীন এলাকায় বাংলাদেশ সচিবালয়, মাননীয় প্রধান বিচারপতি, রাষ্ট্রপতি, মাননীয় প্রধান উপদেষ্টার বাসভবন ও কার্যালয়, রাষ্ট্রীয় অতিথি ভবন, সচিবসহ রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ পদে আসীন বহু ব্যক্তিগের বসবাস। অত্র জোনে বিভিন্ন ব্যাসের প্রায় ১৪১ কিলোমিটার পয়ঃ লাইন এবং ৪১০০ ম্যানহোল ও ওয়াই পিটি বিদ্যমান রয়েছে। উক্ত পয়ঃ লাইন দ্বারা অত্র জোনের গ্রাহকদের পয়ঃ বর্জ্য অপসারিত হয়। পয়ঃ সংযোগের বিল রবদ ঢাকা ওয়াসার বিপুল পরিমাণ রাজস্ব আদায় হয়। অত্র জোনের অন্তর্গত ডিএমএ-৬১৫,৬১২ এবং ৬১৭ এর আওতাধীন সেগুনবাগিচা, পল্টন, নয়া পল্টন, কাকরাইল, খিলগাঁও বি ব্লক, সি ব্লক ইত্যাদি এলাকায় বিদ্যমান পয়ঃনেটওয়ার্ক এর মাধ্যমে পয়ঃনিষ্কাশিত হয়। উল্লেখ্য এলাকা সমূহ হতে প্রায়ঃশ বিভিন্ন সংস্থা কর্তৃক উন্নয়নমূলক কাজ করতে গিয়ে ঢাকা ওয়াসার বিদ্যমান পয়ঃলাইনের ম্যানহোল সমূহ ক্ষতিগ্রস্ত করে, কাপেটিং এর নিচে ঢাকা পড়ে যায়। যার ফলে মাসক্রিনিং কাজসহ বিভিন্ন ধরনের পয়ঃলাইন সংক্রান্ত অভিযোগের কাজ করতে গিয়ে ম্যানহোল খুঁজে না পাওয়ায় এলাকাবাসী সাময়িক দুর্ভোগ এর সম্মুখীন হন। ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন বিভিন্ন সময় সড়ক উন্নয়নমূলক করে যাচ্ছে। এত করে ঢাকা ওয়াসার বিদ্যমান ম্যানহোল সমূহ সড়ক তলের সমান হওয়ায় তা কাপেটিং নিচে ঢাকা পড়ে যাচ্ছে। যার প্রেক্ষিতে বিভিন্ন এলাকা হতে সড়কে পয়ঃলাইন থাকা সত্ত্বেও ঢাকা ওয়াসার ম্যানহোল কভার দৃশ্যমান নেই মর্মে এলাকাবাসী পয়ঃবিল না দেয়ার বিষয়ে নথি অত্র দপ্তরে আসছে। সার্বিক দিক বিবেচনা করে গ্রাহক সেবার মান আরো উন্নত করার লক্ষ্যে বিদ্যমান নেটওয়ার্ক এর পয়ঃম্যানহোল কভার সমূহ খুঁজে তা কাপেটিং এর নিচে হতে সড়ক সমতলে জরুরী ভিত্তিতে রাইজিং করা প্রয়োজন।

অনুচ্ছেদ: ২ :- আলোচ্য পয়ঃলাইনের ম্যানহোল ও ম্যানহোল কভার মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজটি সম্পাদন করার লক্ষ্যে ঢাকা ওয়াসার রেট সিডিউল, পিডাব্লিউডি-২০২২(সংশোধিত) এর দর, DWSNIP প্রকল্পের দর, ইউটিলিটি শিফটিং প্রকল্পের দর ও সাভার কেবাণীগঞ্জ ওয়েলফিন্ড প্ল্যান্ট এবং পূর্বানুমোদিত দর অনুযায়ী একটি প্রাক্কলন (সংযুক্তি-৫ সদয় দ্রষ্টব্য) প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে ঠিকাদারের মালমাল ও লেবার সরবরাহ বাবদ টাঃ৪,৯৭,৩৬৯.২২৯ (চার লক্ষ সাতানব্বই হাজার তিন শত ঊনসত্তর দশমিক দুই দুই নয়) সহ সর্বমোট প্রাক্কলিত মূল্য দাঁড়িয়েছে টাঃ৪,৯৭,৩৬৯.২২৯ (চার লক্ষ সাতানব্বই হাজার তিন শত ঊনসত্তর দশমিক দুই দুই নয়) মাত্র। আলোচ্য কাজটির ব্যয়ভার চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ খাত (কোড নং-০১-০৪-০০২) এর ক্রমিক নং- B.14.70.4 (প্যাকেজ নং-৪) তে অন্তর্ভুক্ত করা আছে। আলোচ্য ক্রয় বাস্তবায়নে Procuring Entity হিসেবে Executive Engineer, MODS Zone-6, Dhaka WASA কে রাখা হয়েছে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়ন ও কাজসমূহ Executive Engineer, MODS Zone-6, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে। DoFP অনুযায়ী বর্ণিত কাজের অনুমোদনকারী হলেন “প্রধান প্রকৌশলী” মহোদয়।

অনুচ্ছেদ: ৩ :- এমতাবস্থায়, Rising, Repairing & Maintenance work of hidden or under pavement sewer manhole cover at DMA612,615,617 area under MODS Zone-6, Dhaka WASA (Frame Work) শীর্ষক পানির লাইন মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজটি বাস্তবায়নের জন্য নিম্ন লিখিত প্রস্তাব সমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) আলোচ্য বিভিন্ন ব্যাসের পয়ঃলাইনে ম্যানহোল ও ম্যানহোল কভার মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজটি বাস্তবায়নের জন্য প্রশাসনিক ও কারিগরী অনুমোদন।

খ) আলোচ্য কাজটি বাস্তবায়নের জন্য উপস্থাপিত প্রাক্কলনে ঠিকাদারের মালমাল ও লেবার সরবরাহ ব্যবস্থা টাঃ৪,৯৭,৩৬৯.২২৯ (চার লক্ষ সাতানব্বই হাজার তিন শত ঊনসত্তর দশমিক দুই দুই নয়) সহ সর্বমোট টাঃ৪,৯৭,৩৬৯.২২৯ (চার লক্ষ সাতানব্বই হাজার তিন শত ঊনসত্তর দশমিক দুই দুই নয়) টাকা মূল্যের প্রাক্কলনটির প্রশাসনিক, অর্থিক ও কারিগরি অনুমোদন।

গ) আলোচ্য কাজটি বাস্তবায়নের জন্য উপস্থাপিত সর্বমোট টাঃ৪,৯৭,৩৬৯.২২৯ (চার লক্ষ সাতানব্বই হাজার তিন শত ঊনসত্তর দশমিক দুই দুই নয়) টাকা মাত্র প্রাক্কলনটি "দরপত্র মূল্য" হিসেবে প্রশাসনিক, অর্থিক ও কারিগরি অনুমোদন।

ঘ) বর্ণিত কাজটি অত্যন্ত জরুরী বিধায় PPA-2006, PPR-2025 এর ৪র্থ অধ্যায়ের অংশ-২ এর ৮০ বিধি ১(ঘ) উপবিধি মোতাবেক CPTU প্রণীত STD PW2(b) অনুসরণ করে Limited Tendering Method (LTM) এ e-GP প্রক্রিয়ার মাধ্যমে দরপত্র আহ্বান ও সম্পাদনের অনুমোদন।

আলোচ্য কাজটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন যা, সবনিম্নে পেশ করা হ'ল।

Handip
11.01.26

সন্দীপ সূত্রকার
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৬
ঢাকা ওয়াশা

AE
11.01.26

মোহাম্মদ ইখতিয়ার মাসউদ
সহকারী প্রকৌশলী
মডস জোন-৬, ঢাকা ওয়াশা।

EE
11/1/26

মোঃ রাহাত শিকদার
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৬, ঢাকা ওয়াশা।

SE, MODS stake-1

Handip
22/02/26

মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াশা।

CF

৪/ অনুমোদিত,

SE, MODS-1

Handip
11/01/2026
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াশা।

Handip
22/2/26
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াশা।

EE